# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 21 June, 2025

ইসরায়েলের বিমান বাহিনী (আইএএফ)-এর হামলায় ইরানের আরও এক পরমাণু বিজ্ঞানী নিহত হয়েছেন।আইএএফের ছোড়া ড্রোনের আঘাতে প্রাণ হারিয়েছেন তিনি।নিহত ওই পরমাণু বিজ্ঞানীর নাম ইসার তাবাতাবেই কামশেহ।শনিবার এক বিবৃতিতে তেহরানের শরিফ ইউনিভার্সিটি নিশ্চিত করেছে এ তথ্য।কামশেহ ওই বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ছিলেন।

বিবৃতিতে বলা হয়েছে, রাজধানী তেহরানে যে অ্যাপার্টমেন্ট ভবনে তিনি থাকতেন, সেটি লক্ষ্য করে গত বৃহস্পতিবার ড্রোন হামলা চালিয়েছিল ইসরায়েল।সেই হামলাতেই সস্ত্রীক প্রাণ হারিয়েছেন কামশেহ; তার স্ত্রীর নাম মানসৌরিয়েহ হাজিসালেম।

গত ১৩ জুন ভোরে ইরানে আইএএফ বিমান হামলা শুরুর পর থেকে এ পর্যন্ত ইরানের সামরিক বাহনীর বেশ কয়েক জন জ্যেষ্ঠ কমান্ডার এবং পরমাণু বিজ্ঞানী নিহত হয়েছেন।বিবিসির তথ্য অনুযায়ী, গত আট দিনে কামশেহসহ মোট ১০ জন ইরানি পরমাণু বিজ্ঞানী নিহত হয়েছেন।

নিহত বাকি ৯ জন বিজ্ঞানী হলেন—ইরানের পরমাণু শক্তি সংস্থার প্রধান ফেরেয়াদুন আব্বাসি, মোহাম্মদ মেহদি তেহরাঞ্চি, আবদোলহামিদ মিনৌচেহর, আহমাদ রেজা জোল্ফঘারি, আমিরহোসেন ফেগহি, আকবার মোতালেবিজাদেহ, আলী বাকাই কারিমি, মানসুর আসগারি এবং সাঈদ বুরজি।

সূত্র : বিবিসি

ইরান পরমাণু বিজ্ঞানী ড্রোন হামলা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:19

URL: https://www.timestodaybd.com/international/7758073532